গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
এর মধ্যে স্বাক্ষরিত

# **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

জুলাই ১, ২০১৭ –জুন ৩০, ২০১৮

**সূচিপত্র**


কর্মসম্পাদনের সার্বিক চিত্র ..................... ৩

উপক্রমণিকা .......................৪

সেকশন ১: রূপকল্প (Vision),অভিলক্ষ্য (Mission),কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ......................... ৫

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ............................ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ .......................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ......................... ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী বিভাগ/প্রতিষ্ঠানসমূহ এবং পরিমাপ পদ্ধতি .............................. ১২

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা ............................. ১৩

## বাংলাদেশ তাঁত বোর্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of Bangladesh Handloom Board )

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ তাঁত বোর্ড বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অন্যতম গুরুত্বপূর্ণ সংস্থা । তাঁত শিল্প বাংলাদেশের সর্ববৃহৎ কুটির শিল্প এবং গ্রামীণ কর্মসংস্থানের ক্ষেত্রে ২য় বৃহত্তম ক্ষেত্র।কাজেই তাঁতিদের দক্ষতা উন্নয়নের জন্য ১১০৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাঁত শিল্পের উন্নয়নে তাঁতিদের অনুকূলে ১১.১৬ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ৮.৬১ কোটি টাকা ঋণ আদায় করা হয়েছে । ৯ কোটি ৩৩ লক্ষ মিটার কাপড়ে ডাইং, প্রিন্টিং, স্টেন্টারিং, ক্যালেন্ডারিংসহ বিভিন্ন বয়নপূর্ব ও বয়নোত্তর সেবা প্রদান করা হয়েছে । ১৬৭ জনকে ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ডিগ্রি প্রদান করা হয়েছে। বাংলাদেশ তাঁত বোর্ড কর্মচারী (অবসর ভাতা, অবসরজনিত সুবিধাদি ও সাধারণ ভবিষ্য তহবিল) প্রবিধানমালা, ২০১৫ প্রবর্তন করা হয়েছে। ইজিপিতে ক্রয় কার্যক্রম চালু করা হযেছে। কর্মচারিদের জন্য বায়োমেট্রিক হাজিরা চালু করা হয়েছে। প্রায় ৩ কোটি ইউএস ডলার মূল্যের তাঁত বস্ত্র বিদেশে রপ্তানির জন্য কান্ট্রি অব অরিজিন সনদ প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বাংলাদেশ তাঁত বোর্ডের প্রধান সমস্যা ও চ্যালেঞ্জসমূহ হচ্ছে: তাঁতিদের পেশা পরিবর্তন। সুতা ও রঙের নিম্নমান এবং অনিয়ন্ত্রিত মূল্যের কারণে তাঁত ক্রমাগত বন্ধ হয়ে যাওয়া। তাঁতিদের নিজস্ব পেশায় টিকিয়ে রাখা। বন্ধ তাঁতসমূহ চালুকরণ, তাঁত শিল্পের আধুনিকায়ন, তাঁতিদের মূলধন সরবরাহ। তাঁত পণ্যের বহুমূখীকরণ ও বাজার সম্প্রসারণ এবং দেশে বিদেশে প্রচার ও প্রচারণা। তাঁতখাতে দক্ষ কর্মী তৈরি এবং তদারকি কাঠামো প্রতিষ্ঠা। ভোক্তার পছন্দ অনুযায়ী তাঁত বস্ত্র উৎপাদন। আধুনিক প্রযুক্তির সাথে তাঁতিদের তাল মিলিয়ে প্রতিযোগিতায় টিকে রাখা।

**ভবিষ্যত পরিকল্পনা :**

রূপকল্প ২০২১, SDG এবং ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে ২ বছরের মধ্যে বাতাঁবো নিয়ন্ত্রিত তাঁতিদের জন্য স্থাপিত তাঁত সেবা কেন্দ্র/প্রক্রিয়াকরণ কেন্দ্রসমূহ বিএমআরইকরণ। বস্ত্র খাতে দক্ষ কর্মী ও ব্যবস্থাপক তৈরির লক্ষ্যে উপযুক্ত প্রশিক্ষণ কেন্দ্র ও শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন। তাঁতিদের উপযুক্ত পরিবেশে পুনর্বাসন, তাঁতজাত পণ্যের বহুমূখীকরণ ও বাজারজাতকরণ, কাঁচামালের সহজলভ্যতা ও তাঁতিদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে তাঁত পল্লি স্থাপন। তাঁত খাতে সংশ্লিষ্ট সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান ও স্টেকহোল্ডারদের সাথে কার্যকর যোগাযোগ ও সমন্বয় সাধন। তাঁত শিল্পের আধুনিকায়ন ও তাঁতিদের চলতি মূলধন সরবরাহ। বাংলাদেশের সোনালী ঐতিহ্য মসলিন তৈরির প্রযুক্তি পুনরুদ্ধার। তাঁতিদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ ও ভ্রাম্যমাণ প্রশিক্ষণ এবং কারিগরি সেবা প্রদান।তাঁতিদের পুনর্বাসন, বয়নপূর্ব ও বয়নোত্তর সেবা প্রদান, মার্কেটিং সুবিধা প্রদান, কাঁচামাল প্রাপ্তির সহজলভ্যতা প্রদান ইত্যাদি বিষয় বিবেচনা করে বৃহৎ আকারে তাঁতপল্লি স্থাপন। বাংলাদেশ তাঁত বোর্ডকে একটি শক্তিশালী ও কার্যকরী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- 3.২ ৯ কোটি মিটার তাঁত বস্ত্র উৎপাদনে বয়নপূর্ব ও বয়নোত্তর সেবা প্রদান;
- দক্ষতা উন্নয়নের জন্য ৩৩০ জন মহিলা তাঁতি এবং ১৭০ জন পুরুষ তাঁতিকে প্রশিক্ষণ প্রদান;
- ১০৫০ জন তাঁতিকে ঋণ প্রদান এবং ২৫০.০০ লক্ষ টাকা ঋণ আদায়;
- ০২টি চলমান প্রকল্পের ৯৫% বাস্তবায়নের মাধ্যমে ০৩টি বস্ত্র প্রক্রিয়াকরণ/টিএফসি/এসএফসি বিএমআরইকরণ ও ১টি সেবা কেন্দ্র স্থাপন ;
- ৮০ জনকে ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ডিগ্রি প্রদান ;
- তাঁত বস্ত্রের বাজার সম্প্রসারণে কান্ট্রি অব অরিজিন সনদ এর জন্য প্রাপ্ত আবেদন ১০০% নিষ্পত্তি ।
- কার্যকর ৩৩১টি প্রাথমিক তাঁতি সমিতি অডিটকরণ।

## উপক্রমনিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় , গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ১৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন-১:

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision);

শক্তিশালী তাঁত খাত।

১.২ অভিলক্ষ্য (Mission);

তাঁতিদের প্রশিক্ষণের মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি, চলতি মূলধন যোগান, গুণগত মানসম্পন্ন তাঁতবস্ত্র উৎপাদন এবং বাজারজাতকরণের সুবিধা সৃষ্টির মাধ্যমে তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. তাঁত পণ্যের উৎপাদন ও গুণগতমান বৃদ্ধিতে সহায়তাকরণ;
২. মানব সম্পদ উন্নয়ন ;
৩. তাঁত বস্ত্রের বাজার সম্প্রসারণে সহযোগিতা;
৪. উন্নয়ন কার্যক্রম জোরদারকরণ;

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;
৩. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;

১.৪ কার্যাবলী (Functions)

১. হস্তচালিত তাঁত শিল্পের জরিপ, শুমারি এবং পরিকল্পনা গ্রহণ, পরিসংখ্যান সংরক্ষণ;

২. হস্তচালিত তাঁত শিল্পের উন্নয়ন ও উৎপাদনমূলক সেবা প্রদান;

৩. হস্তচালিত তাঁত শিল্পের জন্য ঋণ সুবিধা সৃষ্টি;

৪. তাঁতিগণকে প্রয়োজনীয় উপকরণ ও কাঁচামাল ন্যায্যমূল্যে সরবরাহের ব্যবস্থা গ্রহণ এবং উৎপাদিত পণ্য গুদামজাতকরণের ব্যবস্থা করা;

৫. তাঁত পণ্যকে জনপ্রিয় করার উদ্দেশ্যে দেশ-বিদেশে প্রচার কার্যক্রম গ্রহণ;

৬. তাঁত পণ্য দেশ-বিদেশে বাজারজাত করণের ব্যবস্থা গ্রহণ;

৭. তাঁতি ও তাঁত শিল্পের সাথে সম্পর্কিত ব্যক্তিদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি;

৮. তাঁতিদের বয়নপূর্ব ও বয়নোত্তর সুযোগ সুবিধা প্রদানের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;

৯. তাঁতজাত দ্রব্যাদির গুণগত মান ও প্রস্তুতকারী দেশ সম্পর্কিত সনদপত্র প্রদান।

## সেকশন ২

## বাংলাদেশ তাঁত বোর্ডের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব **(Outcome/Impact)** | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক **(Unit)** | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ (**Projections**) | | নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ শাখাসমূহের নাম | উপাত্তসূত্র **(Source(s) of Data)** |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| জাতীয় রপ্তানিতে অবদান | মোট রপ্তানিতে তাঁত খাতের অংশ | % | ২.৩৮ | ২.১৫ | ২.৫০ | ২.৭৫ | ২.৮৫ | বাংলাদেশ তাঁত বোর্ড/ বাণিজ্য মন্ত্রণালয়/ রপ্তানি উন্নয়ন ব্যুরো | রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ তাঁত বোর্ড |

## সেকশন ৩:
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| বাংলাদেশ তাঁত বোর্ডের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১]তাঁত পণ্যের উৎপাদন ও গুণগতমান বৃদ্ধিতে সহায়তাকরণ | ২ ৮.00 | [১.১] তাঁত বস্ত্র উৎপাদনে সহায়তা | [১.১.১] বয়নপূর্ব সহায়তা প্রদানের মাধ্যমে উৎপাদিত সূতার পরিমাণ | কেজি | ৩.০০ | ১৫০০০ | ১৬০০ ০ | ১৭০০০ | ১৫০০০ | ১৪০০০ | ১৩০০০ | ১২০০০ | ২০০০০ | ২৪০০০ |
| | | | [১.১.২] বয়নোত্তর সহায়তা প্রদানের মাধ্যমে উৎপাদিত তাঁত বস্ত্রের পরিমাণ | কোটি মিটার | ১০.০০ | ৩.১১ | ৩.২০ | ৩.২৯ | ৩.২৭ | ৩.২৪ | ৩.২০ | ২.৯৭ | ৩.৬৫ | ৩.৮৫ |
| | | [১.২] ক্ষুদ্র ঋণ বিতরণ-আদায় | [১.২.১] ঋণ প্রাপ্ত সুবিধাভোগী পুরুষ তাঁতি | সংখ্যা | ৫.০০ | ১৩৬০ | ১০০০ | ৯০০ | ৮৯০ | ৮৭৫ | ৮৭০ | ৮০৫ | ৯২৫ | ১০০০ |
| | | | [১.২.২] ঋণ প্রাপ্ত সুবিধাভোগী মহিলা তাঁতি | সংখ্যা | ৩.০০ | | | ১৫০ | ১৪০ | ১৩৫ | ১৩০ | ১২০ | ১৭৫ | ২০০ |
| | | | [১.২.৩]আদায়কৃতঋণ | লক্ষ টাকা | ৭.০০ | ২৩০.০০ | ২৪০.০০ | ২৫০.০০ | ২৪০.০০ | ২৩০.০০ | ২২০.০০ | ২০০.০০ | ২৬০.০০ | ২৭৫.০০ |
| [২]মানব সম্পদ উন্নয়ন | ২০.০০ | [২.১] কারিগরি শিক্ষা (বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তি) | [২.১.১]উত্তীর্ণ ডিপ্লোমা- ইন- টেক্সটাইল ডিগ্রি শিক্ষার্থী | সংখ্যা | ৬.০০ | ৪৮ | ৮০ | ৮০ | ৭৮ | ৭৫ | ৭০ | -- | ৮০ | ৮০ |
| | | [২.২] নির্বাচিত তাঁতিদের প্রশিক্ষণ | [২.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত পুরুষ তাঁতি | সংখ্যা | ৩.০০ | ৩২০ | ৪০০ | ১৭০ | ১৫০ | ১২০ | ১০০ | ৯০ | ৩০০ | ৪০০ |
| | | | [২.২.২] প্রশিক্ষণ প্রাপ্ত মহিলা তাঁতি | সংখ্যা | ৫.০০ | | | ৩৩০ | ৩২০ | ৩১০ | ৩০০ | ২৯০ | ৫০০ | ৬০০ |
| | | [২.৩]বাতাঁবো এর কর্মকর্তা-কর্মচারিদের | [২.৩.১]প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারিদের | সংখ্যা | ৬.০০ | ১০৭ | ৮০ | ৯০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ১০০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | প্রশিক্ষণ | প্রশিক্ষণ | | | | | | | | | | | |
| [৩] তাঁত বস্ত্রের বাজার সম্প্রসারণে সহযোগিতা | ২৫.০০ | [৩.১] তাঁত বস্ত্রের রপ্তানি সনদ প্রদান | [৩.১.১] নিষ্পত্তিকৃত আবেদন | % | ১০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৬ | -- | -- | ১০০ | ১০০ |
| | | [৩.২] স্টেক হোল্ডারদের সাথে সভার মাধ্যমে বস্ত্র ব্যবসার সহযোগিতা | [৩.২.১] স্টেক হোল্ডারদের সাথে সভা | সংখ্যা | ৫ | ০৩ | ১০ | ১২ | ১১ | ১০ | ০৯ | ০৮ | ১৫ | ২০ |
| | | [৩.৩] বাজার সম্প্রসারণে সহায়তাকরণ | [৩.৩.১]তাঁত বস্ত্র মেলা আয়োজন | সংখ্যা | ৫ | ০২ | ০৪ | ০৬ | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০৭ | ০৮ |
| | | | [৩.৩.২] রপ্তানিকারকদের সাথে মত বিনিময় সভা | সংখ্যা | ৫ | ০২ | ০৩ | ০৪ | ০৩ | ০২ | ০১ | -- | ০৫ | ০৬ |
| [৪]উন্নয়ন কার্যক্রম জোরদারকরণ | ০৭ | [৪.১] চলমান প্রকল্পসমূহ বাস্তবায়ন | [৪.১.১] "তাঁত অধ্যূষিত এলাকায় ০৩ টি হ্যান্ডল্যুম সার্ভিস সেন্টার স্থাপন" প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি | বাজেট ব্যয়ের হার (%) (অর্থ বছর) | ২ | ৯৯% | ৯০ | ৯৫ | ৯২ | ৯০ | ৮৫ | -- | ৯৬ | ৯৭ |
| | | | [৪.১.২] বিদ্যমান সিপিসি এর বিএমআরইকরণ, মাধবদী, নরসিংদী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি | বাজেট ব্যয়ের হার (%) (অর্থ বছর) | ২ | ৯৯% | ৯০ | ৯৫ | ৯২ | ৯০ | ৮৫ | -- | ৯৬ | ৯৭ |
| | | [৪.২] কার্যকরী প্রাথমিক তাঁতি সমিতি অডিটকরণ | অডিটকৃত প্রাথমিক তাঁতি সমিতি | সংখ্যা | ৩ | -- | -- | ২৫০ | ২৪০ | ২৩০ | ২২৫ | ২২০ | ২৭৫ | ৩০০ |

# বাতাঁবো এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৫-১৬ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৯ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল | ২৬এপ্রিল | ২৭এপ্রিল |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ জুন | ১৮ জুন | ১৯ জুন | ২০জুন | ২১ জুন |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ১৮জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জানুয়ারি | ১৬জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি | ২২ জানুয়ারি |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ই-ফাইলিং নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকরা | কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকরা | কমপক্ষে ৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেজ প্রস্তুতকরণ | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১জানুয়ারি | ১৮জানুয়ারি | ২৫জানুয়ারি | ৩১জানুয়ারি |
| | | | উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | সংখ্যা | ১ | ২৫ | ২০ | ১৫ | ১০ | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৫-১৬ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | অডিট আপত্তি নিষ্পত্তি | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ১ | ১ ফেব্রুয়ারি | ১৫ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫এপ্রিল |
| | | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫ | ১ ফেব্রুয়ারি | ১৫ফেব্রুয়ারি | ২৮ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫এপ্রিল |
| | | দপ্তর/সংস্থায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর | ২৯অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়[1] | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৩ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |

[1] ৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| --------------------------------------- | ১৪/৬/১৭ |
| চেয়ারম্যান<br>বাংলাদেশ তাঁত বোর্ড | তারিখ |
| --------------------------------------- | ২৪/০৬/২০১৭ |
| সচিব<br>বস্ত্র ও পাট মন্ত্রণালয়। | তারিখ |

## সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

| | |
|---|---|
| বাতাঁবো | বাংলাদেশ তাঁত বোর্ড |
| এমই | মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন |
| ওএন্ডএম | অপারেশন এন্ড মেনটেন্যান্স |
| এসএন্ডএম | সোসাইটি এন্ড মার্কেটিং বিভাগ |
| সিপিসি | ক্লথ প্রসেসিং সেন্টার |
| বাতাঁশিপ্রই | বাংলাদেশ তাঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট |
| রপ্রকে | রংপুর প্রশিক্ষণ কেন্দ্র |
| সিপ্রকে | সিলেট প্রশিক্ষণ কেন্দ্র |
| বেপ্রউকে | বেড়া (পাবনা) প্রশিক্ষণ উপকেন্দ্র |
| টিএফসি | টেক্সটাইল ফ্যাসিলিটিজ সেন্টার |
| বিএমআরই | ব্যালেন্সিং, মডার্নাইজেশন, রিনোভেশন এন্ড এক্সপানশন |

**সংযোজনী- ২:** কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ।

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | [১.১] তাঁত বস্ত্র উৎপাদনে সহায়তা | [১.১.১] বয়নপূর্ব সহায়তা প্রদানের মাধ্যমে উৎপাদিত সূতার পরিমাণ<br>[১.১.২] বয়নোত্তর সহায়তা প্রদানের মাধ্যমে উৎপাদিত তাঁত বস্ত্রের পরিমাণ | বাংলাদেশ তাঁত বোর্ড তাঁতিদেরকে বিভিন্ন বয়নপূর্ব ও বয়নোত্তর সেবা যথা- টুইস্টিং, ডাইং, স্টেন্টারিং, ক্যালেন্ডারিং, সিনজিং ইত্যাদি সেবা প্রদান করে থাকে। তাঁত বস্ত্র উৎপাদনে বয়নপূর্ব ও বয়নোত্তর সেবা পাওয়ার পরিপ্রেক্ষিতে তাঁতিরা চাহিদা অনুযায়ী মানসম্মত তাঁত বস্ত্র উৎপাদনে সক্ষম হয়। | সিপিসি | গজ<br>সিপিসি এবং বাংলাদেশ তাঁত বোর্ডের বার্ষিক প্রতিবেদন। | SDG এর goal 8 এবং Target 8.2 এর সাথে সঙ্গতিপূর্ণ |
| ২ | [১.২] ক্ষুদ্র ঋণ বিতরণ ও আদায় | [১.২.১] ঋণ প্রাপ্ত সুবিধাভোগী পুরুষ তাঁতি | বাংলাদেশ তাঁত বোর্ড তাঁতিদেরকে তাঁত বস্ত্র উৎপাদনে সহযোগিতা ও উৎসাহ প্রদানের নিমিত্ত ২০১৬-১৭ অর্থ বছরে ১০০০ জন তাঁতির মাঝে ঋণ বিতরণ করেছে। প্রাপ্ত ঋণ দ্বারা সুতা ও অন্যান্য উপকরণ কিনে তাঁতিরা তাঁত বস্ত্র উৎপাদন করতে সক্ষম হবেন ।<br>তাঁতিদের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় ঋণ খাতে প্রাপ্ত ৪৮৭৪.৪৪ লক্ষ টাকার মধ্যে ফেব্রুয়ারি'১৭ পর্যন্ত ৪০০৮.৮২ লক্ষ টাকা সরকারি কোষাগারে ফেরৎ দেয়া হয়েছে। অবশিষ্ট অর্থ (৪৮৭৪.৪৪-৪০০৮.৮২)= ৮৬৫.৬২ লক্ষ টাকা; যা পর্যায়ক্রমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হবে। ঋণ বিতরণের জন্য পর্যাপ্ত স্থিতি না থাকায় ২০১৬-২০১৭ অর্থ বছরের এপিএ লক্ষ্যমাত্রা কম ছিল। | বাতাঁবো | সংখ্যা<br>বাংলাদেশ তাঁত বোর্ডের বার্ষিক প্রতিবেদন। | SDG এর goal 8 এবং Target 8.2 এর সাথে সঙ্গতিপূর্ণ |
| | | [১.২.২] ঋণ প্রাপ্ত সুবিধাভোগী মহিলা তাঁতি | | | | SDG এর goal 5এবং Target 5.1 এর সাথে সঙ্গতিপূর্ণ |
| | | [১.২.৩]আদায়কৃত ঋণ | | | | -- |
| ৩ | [২.১] কারিগরি শিক্ষা (বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তি) | [২.১.১] ডিপ্লোমা- ইন-টেক্সটাইল ডিগ্রি উত্তীর্ণ শিক্ষার্থী | দেশে বস্ত্র শিল্পের উন্নয়নে বস্ত্র প্রযুক্তিবিদ তৈরীর লক্ষ্যে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী প্রদান করা হয়। | বাতাঁবো/ বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড | উত্তীর্ণ ছাত্রছাত্রীদের সংখ্যা<br>বাংলাদেশ তাঁত বোর্ড এর বার্ষিক প্রতিবেদন। | SDG এর goal 4 & 8 Target 4.3 & 8.2 এর সাথে সঙ্গতিপূর্ণ |
| ৪ | [২.২] নির্বাচিত তাঁতিদের প্রশিক্ষণ | [২.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত পুরুষ তাঁতি | আধুনিক, মানসম্পন্ন ও নতুন নতুন ডিজাইনের তাঁত বস্ত্র উৎপাদনের জন্য তাঁতিদের প্রশিক্ষণ একান্ত আবশ্যক। বাজারের চাহিদা অনুযায়ী তাঁত বস্ত্র উৎপাদনের জন্য তাঁতিদের পেশাগত প্রয়োজন ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ। | বাতাঁবো | সংখ্যা<br>বাংলাদেশ তাঁত বোর্ড এর বার্ষিক প্রতিবেদন। | SDG এর goal 4 & 8 Target 4.3 & 8.2এর সাথে সঙ্গতিপূর্ণ |
| | | [২.২.২] প্রশিক্ষণ প্রাপ্ত মহিলা তাঁতি | | | | SDG এর goal 5 এবং Target 5.1এর সাথে সঙ্গতিপূর্ণ |
| | [২.৩]বাতাঁবো এর কর্মকর্তা-কর্মচারিদের প্রশিক্ষণ | [২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারি | বাতাঁবো এর কর্মকর্তা ও কর্মচারিদের ইনহাউজ প্রশিক্ষণসহ বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। | বাতাঁবো | সংখ্যা<br>বাংলাদেশ তাঁত বোর্ড এর বার্ষিক প্রতিবেদন। | |
| ৫ | [৩.১] তাঁত বস্ত্রের রপ্তানি সনদ প্রদান | [৩.১.১] নিষ্পত্তিকৃত আবেদন | তাঁত বস্ত্র রপ্তানির ক্ষেত্রে তাঁত বস্ত্রের কান্ট্রি অব অরিজিন প্রত্যয়ন পত্র বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক প্রদান করা হয়ে থাকে। | বাতাঁবো | সংখ্যা<br>বাংলাদেশ তাঁত বোর্ড এর বার্ষিক প্রতিবেদন। | SDG এর goal 8 এবং Target 8.2 এর সাথে সঙ্গতিপূর্ণ |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৩.২] স্টেক হোল্ডারদের সাথে সভার মাধ্যমে বস্ত্র ব্যবসার সহযোগিতা | [৩.২.১] স্টেক হোল্ডারদের সাথে সভা | তাঁতিদের ঋণ সহায়তার মাধ্যমে অচল তাঁত সচল করা , সচল তাঁতগুলো নিরবিচ্ছিন্নভাবে সচল রাখা, তাঁত বস্ত্রের উৎপাদন বৃদ্ধি, আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ,আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন এবং নারীর ক্ষমতায়নে উদ্বুদ্ধ করা | এসএন্ডএম বিভাগ বাংলাদেশ তাঁত বোর্ড | সভার সংখ্যা বাংলাদেশ তাঁত বোর্ডের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৩] বাজার সম্প্রসারণে সহায়তাকরণ | [৩.৩.১] তাঁত বস্ত্র মেলা আয়োজন | হস্তচালিত তাঁতে উৎপাদিত বস্ত্রের জনপ্রিয়তা বৃদ্ধি ও বাজার সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ জাতীয় তাঁতি সমিতি দেশের বিভিন্ন স্থানে জাতীয়, সামাজিক ও ধর্মীয় উৎসব উপলক্ষ্যে দেশীয় তাঁতবস্ত্র মেলা ও প্রদর্শনীর আয়োজন করে থাকে। বাতাঁবো এসব মেলা আয়োজনের ব্যাপারে সহায়তা করে থাকে। | এসএন্ডএম বিভাগ ও বাংলাদেশ জাতীয় তাঁতি সমিতি | মেলার সংখ্যা বাংলাদেশ তাঁত বোর্ডের বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.৩.২] রপ্তানিকারকদের সাথে মত বিনিময় সভা | হস্তচালিত তাঁতে উৎপাদিত বস্ত্র সামগ্রী বিদেশে রপ্তানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জন তথা হস্তচালিত তাঁতশিল্পে নিয়োজিত প্রান্তিক তাঁতিদের আর্থ-সামাজিক উন্নতির লক্ষ্যে রপ্তানি বৃদ্ধির ব্যাপারে রপ্তানিকারকদের সাথে বিভিন্ন সময়ে মতবিনিময় সভা করা হয়ে থাকে। | এসএন্ডএম বিভাগ | সভার সংখ্যা বাংলাদেশ তাঁত বোর্ডের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.১] চলমান প্রকল্পসমূহ বাস্তবায়ন | [৪.১.১] "তাঁত অধ্যূষিত এলাকায় ০৩ টি হ্যান্ডল্যুম সার্ভিস সেন্টার স্থাপন" প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি<br>[৪.১.২] বিদ্যমান সিপিসি এর বিএমআরইকরণ, মাধবদী, নরসিংদী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি | *তাঁত অধ্যুষিত এলাকা (১)কালিহাতি, টাঙ্গাইল (২)শাহজাদপুর, সিরাজগঞ্জ এবং (৩) কুমারখালী, কুষ্টিয়ার ১.৪০ লক্ষ তাঁতির বয়নপূর্ব ও বয়োনোত্তর সেবা প্রদান করার লক্ষ্যে ২০১৩-২০১৪ অর্থ বছর হতে প্রকল্পটি চলমান আছে ।<br>*ক্লোথ প্রসেসিং সেন্টার, মাধবদী, নরসিংদী তাঁতিদেরকে বিভিন্ন তাঁত বস্ত্র উৎপাদন প্রক্রিয়ায় উপকরণ সেবা যথা- ডাইং, স্টেন্টারিং, মার্সারাইজিং, ক্যালেন্ডারিং, সিনজিং ইত্যাদি সেবা প্রদান করে থাকে। প্রতিষ্ঠানটি ১৯৮৮সালে উৎপাদনে যায়। প্রতিষ্ঠানটির বিএমআরই করণের জন্য ২০১৩-২০১৪ অর্থ বছর হতে প্রকল্পটি চলমান আছে । | পরিকল্পনা বিভাগ ও প্রকল্প অফিস | বাজেট ব্যয়ের হার (%) বাংলাদেশ তাঁত বোর্ডের বার্ষিক প্রতিবেদন | SDG এর goal 5.1, 6.3, 8.2, 8.8, 9.2, 9.b ও 12.4 এবং Target 5.1,1, 6.3.1, 8.2.1, 8.8.1, 9.2.1, 9.b.1 ও 12.4.1 এর সাথে সঙ্গাতিপূর্ণ |
| [৪.২] কার্যকরী প্রাথমিক তাঁতি সমিতি অডিটকরণ | [৪.২.১] অডিটকৃত প্রাথমিক তাঁতি সমিতি | তাঁতি সমিতি বিধিমালা, ১৯৯১ মোতাবেক তাঁতি সমিতি ৩ প্রকারের । যথা- প্রাথমিক তাঁতি সমিতি, মাধ্যমিক তাঁতি সমিতি এবং জাতীয় তাঁতি সমিতি । ১৮ ও তদুর্ধ্ব বয়সের কমপক্ষে ১০ জন তাঁতি নিয়ে প্রাথমিক তাঁতি সমিতি গঠিত। এক পরিবার হতে একজন মাত্র তাঁতি সমিতির সদস্য হবে । ১টি ইউনিয়নে ১টির বেশী তাঁতি সমিতি গঠন করা যাবেনা । তবে প্রয়োজনবোধে বাংলাদেশ তাঁত বোর্ডের অনুমতিক্রমে তাঁত অধ্যুষিত এলাকায় ওয়ার্ডভিত্তিক প্রাথমিক তাঁতি সমিতি গঠন করা যাবে। বর্তমানে দেশে তাঁতি সমিতির সংখ্যা ১৩২২ টি, তন্মধ্যে কার্যকরী প্রাথমিক তাঁতি সমিতির সংখ্যা ৩৩১টি । ২০১৭-১৮ অর্থ বছরে ২৫০টি কার্যকরী প্রাথমিক তাঁতি সমিতি অডিট করা হবে। | এসএন্ডএম বিভাগ | সমিতির সংখ্যা বাংলাদেশ তাঁত বোর্ডের বার্ষিক প্রতিবেদন | |

**যোজনী ৩:** অন্য মন্ত্রণালয়/বিভাগের.......... নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের  নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা প্রত্যাশার যৌক্তিকতা/ | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড | কারিগরি শিক্ষা (বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তি) | ২.১.৩ ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ডিগ্রী উত্তীর্ণ শিক্ষার্থী | ছাত্র/ছাত্রীদের পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশ | বাংলাদেশ তাঁত বোর্ড নিয়ন্ত্রিত ডিপ্লোমা ইনস্টিটিউট-এ যথাসময়ে পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশ করার জন্য দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান। | যথাসময়ে ফলাফল প্রকাশে বিলম্ব হতে পারে। |